

বিগত ২৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখ জেলা প্রশাসন, নোয়াখালী এবং পরিবেশ অধিদপ্তর, নোয়াখালী জেলা কার্যালয় কর্তৃক শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এর বিভিন্ন ধারা লংঘনের অভিযোগে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসন, নোয়াখালী-এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ ফাহিম হাসান খান। এ সময় ২টি যাত্রীবাহী বাস এবং ১ টি ট্রাকে অভিযান চালিয়ে হাইড্রোলিক হর্ণ ব্যবহার করায় ৩টি পৃথক মামলা দায়ের পূর্বক ৯০০০/- টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং গাড়িগুলো থেকে হাইড্রোলিক হর্ণ অপসারণ করা হয়। এসময়ে পরিবেশ অধিদপ্তর, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব তানজির তারেক, নমুনা সংগ্রহকারী জনাব মোঃ মোবারক হোসেন উপস্থিত ছিলেন। উক্ত মোবাইল কোর্ট পরিচালনায় নোয়াখালী জেলা আনসার সদস্যগণ সহযোগিতা করেন।